**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা প্রশাসক এর কার্যালয়**
**ব্যবসা বাণিজ্য শাখা**
**ময়মনসিংহ।**

## সার ডিলার নিয়োগকল্পে সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০১৬.৫৬.১২৮.২৬-৫৮ তারিখ: ৩১/০৮/২০২৬ খ্রি.

সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯২ তারিখঃ ২৭/০৮/২০২৬ খ্রি. এর আলোকে নিম্নবর্ণিত ডিলার ইউনিটের বিপরীতে ময়মনসিংহ জেলায় মোট ১৫৬ জন সার ডিলার নিয়োগের লক্ষ্যে শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ইতোপূর্বে স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০১৬.৫৬.১২৮.২৬-১০ তারিখঃ ১৫/০২/২০২৬ খ্রি. এবং স্মারক নং-৫৪ তারিখঃ ১১/০৮/২০২৬ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

| ক্র/নং | উপজেলার নাম | সিটি কর্পোরেশন | পৌরসভা | ইউনিয়ন | মোট ডিলার ইউনিটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ময়মনসিংহ সদর | ১ | ০ | ১১ | ১২ | প্রতিটি ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনে বিদ্যমান ডিলারের পাশাপাশি ০১ (এক) জন করে নতুন ডিলার নিয়োগ করা হবে। |
| ০২ | মুক্তাগাছা | | ১ | ১০ | ১১ | |
| ০৩ | ফুলবাড়ীয়া | | ১ | ১৩ | ১৪ | |
| ০৪ | ত্রিশাল | | ১ | ১২ | ১৩ | |
| ০৫ | ভালুকা | | ১ | ১১ | ১২ | |
| ০৬ | গফরগাঁও | | ১ | ৭ | ৮ | |
| ০৭ | দক্ষিন গফরগাঁও | | ০ | ৮ | ৮ | |
| ০৮ | নান্দাইল | | ১ | ১৩ | ১৪ | |
| ০৯ | ঈশ্বরগঞ্জ | | ১ | ১১ | ১২ | |
| ১০ | গৌরীপুর | | ১ | ১০ | ১১ | |
| ১১ | তারাকান্দা | | ০ | ১০ | ১০ | |
| ১২ | ফুলপুর | | ১ | ১০ | ১১ | |
| ১৩ | হালুয়াঘাট | | ১ | ১২ | ১৩ | |
| ১৪ | ধোবাউড়া | | ০ | ৭ | ৭ | |
| | সর্বমোট= | ১ | ১০ | ১৪৫ | ১৫৬ | - |

**শর্তাবলী :**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।)

(খ) আবেদনকারীদের নির্ধারিত ডিলার ইউনিটের বিপরীতে ২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে। ডিলার ইউনিটের তালিকা স্ব-স্ব উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার এর কার্যালয় হতে এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ময়মনসিংহ এর ওয়েবসাইট (www.dae.mymensingh.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

**(গ) আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্যএলাকায় (ডিলার ইউনিটে) ন্যূনতম ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(ঘ) আবেদনকারীর অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোন বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপরকেউ ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ড জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা একই খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**ঙ. সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:**

১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;

২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে;
(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;
(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(ঘ) দোকান ও গুদাম পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ভাড়ার চুক্তিনামার কপি;
(ঙ) আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসাবে ০৫ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং
(ছ) হালনাগাদ আয়কর রির্টান দাখিলের সনদ।

৩. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;

৪. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি , জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থানঃ**

১. আবেদনপত্র দাখিলের শেষ তারিখ: ১০/০৯/২০২৬ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;

২. আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ/উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ময়মনসিংহ।

কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**মোঃ এনামুল হক**
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ময়মনসিংহ।

**মোঃ সাইফুর রহমান**
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, ময়মনসিংহ।